দৈনিক ইনকিলাব

AUG. 5 1999
তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ...২...

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

## বখশিবাজার, ঢাকা-১২১১

স্মারক নং-পরী/৭০/১৫,০০০/বৃত্তি-৯৯ তারিখ ঃ ২২-৭-৯৯

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৯ ইং সালের ইবতেদায়ী (৫ম শ্রেণী) বৃত্তি পরীক্ষা ও নিম্ন মাধ্যমিক (৮ম শ্রেণী) বৃত্তি পরীক্ষা আগামী ২০০০ সালের জানুয়ারী মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত নিয়ম ও সময়সূচী অনুযায়ী পরীক্ষার্থীদের দাখিলা ফরম ও বিবরণী ফরম সংগ্রহ করার জন্য এবং প্রয়োজনীয় ফিসহ জমা দেয়ার জন্য সকল মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা যাচ্ছে।

## নিয়মাবলী

১. পরীক্ষার্থীদের দাখিলা ফরম ও বিবরণী ফরম বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের বৃত্তি শাখা হতে ছাত্র-ছাত্রীদের তালিকা প্রদানপূর্বক আগামী ৫-৮-৯৯ তারিখ হতে ২৬-৮-৯৯ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

২. ক. পরীক্ষার ফরম ও ফি জমা দেয়ার তারিখ বিলম্ব ফি ছাড়া ২৯-৮-৯৯ ইং তারিখ থেকে ১৬-৯-৯৯ ইং তারিখ পর্যন্ত।
খ. বিলম্ব ফিসহ ১৯-৯-৯৯ ইং তারিখ থেকে ২৬-৯-৯৯ ইং তারিখ পর্যন্ত।
গ. নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই কোন ফরম ও ফি গ্রহণ করা হবে না।

৩. একজন মাদ্রাসা প্রধান বা তার প্রতিনিধি ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে একাধিক মাদ্রাসার দাখিলা ফরম ও বিবরণী ফরম সংগ্রহ করতে পারবেন।

৪. ৫ম ও ৮ম শ্রেণীর রেজিস্ট্রেশনের অনুমতি ফি-এর জন্য ১টি ব্যাংক ড্রাফট এবং ৫ম ও ৮ম শ্রেণীর পরীক্ষার ফি-এর জন্য পৃথক ১টি ব্যাংক ড্রাফট করে রেজিস্ট্রেশন ও দাখিলা ফরমের সাথে হিসাব আয় শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

৫. একজন মাদ্রাসা প্রধান অথবা তার প্রতিনিধি একাধিক মাদ্রাসার ফরম ও ফি জমা দিতে পারবেন।

৬. সকল প্রকার ফি রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে সোনালী ব্যাংক, বিএমইবি শাখায় আদায়যোগ্য সোনালী ব্যাংকের যে কোন শাখার ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।

৭. পরীক্ষার বিষয় ও নম্বর অপরিবর্তিত থাকবে।

৮. ইবতেদায়ী (৫ম শ্রেণী) বৃত্তি পরীক্ষার্থীদের বয়স ১-৩-৯৯ তারিখে ৯ বৎসর ও নিম্নমাধ্যমিক (৮ম শ্রেণী) বৃত্তি পরীক্ষার্থীদের বয়স ১-৩-৯৯ তারিখে ১২ বৎসরের কম হতে পারবে না।

৯. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত/অনুমতিপ্রাপ্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা ও দাখিল, আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসা হতে ৫ম শ্রেণীতে কমপক্ষে ৫ (পাঁচ) জন এবং ৮ম শ্রেণীতে কমপক্ষে ৫ (পাঁচ) জন করে ছাত্র-ছাত্রী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ফি-এর তালিকা

১০. ক. ইবতেদায়ী ৫ম শ্রেণী রেজিস্ট্রেশন/অনুমতি ফি প্রতি পরীক্ষার্থী ২০ (বিশ) টাকা।
খ. ৮ম শ্রেণীর রেজিস্ট্রেশন/অনুমতি ফি প্রতি পরীক্ষার্থী ২৫ (পঁচিশ) টাকা।
গ. উভয় শ্রেণীর রেজিস্ট্রেশন/অনুমতি বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ৫ (পাঁচ) টাকা।
ঘ. ইবতেদায়ী ৫ম শ্রেণীর পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর ৬০ (ষাট) টাকা।
ঙ. ৮ম শ্রেণীর পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী ১২০ (একশত বিশ) টাকা।
চ. উভয় শ্রেণীর পরীক্ষার বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০ (দশ) টাকা।

## ১৯৯৯ সালের বৃত্তি পরীক্ষার সময়সূচী

| তারিখ ও বার | সকাল ১০টা হতে ১২-৩০ পর্যন্ত | বিকাল ২টা হতে ৪-৩০ পর্যন্ত |
|---|---|---|
| ২৪-১-২০০০ সোমবার | ৫ম শ্রেণীর আরবী<br>৮ম শ্রেণীর কুরআন ও তাজবীদ | ৫ম শ্রেণীর বাংলা<br>৮ম শ্রেণীর বাংলা |
| ২৫-১-২০০০ মঙ্গলবার | ৫ম শ্রেণীর আকাইদ ও ফিকহ<br>৮ম শ্রেণীর আরবী | ৫ম শ্রেণীর গণিত<br>৮ম শ্রেণীর ইংরেজী/উর্দু |
| ২৬-১-২০০০ বুধবার | ৮ম শ্রেণীর আকাইদ ও ফিকহ | ৮ম শ্রেণীর গণিত |

**প্রফেসর মোঃ মতিউর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৫০০৬৫৪, ৫০৫৮৬২

শি-৭৯৫/৯৯